

মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫৬ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৪৩ অনুযায়ী সরকারের পাওনা

শুল্ক, আবগারি ও মুসক কমিশনারেট/বিভাগ

.....

মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫৬ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৪৩ অনুযায়ী সরকারের পাওনা
আদায়ের নোটিশ।

(জরুরি, রেজিস্ট্রিকৃত/বাহক মারফত ও প্রাপ্তি স্বীকারযোগ্য)

নোটিশ নং....., তারিখ :.....

নথি নং....., তারিখ :.....

প্রাপক :.....

যেহেতু জনাব/মেসার্স..... ঠিকানা.....এর মূল্য সংযোজন কর বা মূল্য সংযোজন কর ও সম্পূরক কর বা অন্যান্য কর ও জরিমানা বাবদ প্রদেয় টাকা (টাকা.....) এখনও পরিশোধ করা হয় নাই, সেহেতু নিম্নস্বাক্ষরকারী মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫৬ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৪৩ বলে দাবি করিতেছি যে, আপনি অবিলম্বে উক্ত খেলাপকারীকে আপনার প্রদেয় অর্থ হইতে অথবা ভবিষ্যতে কোন অর্থ প্রদেয় হওয়া মাত্র অথবা খেলাপকারীর অর্থ আপনার অধিকারে আসিবামাত্র উক্ত অংকের টাকা (টাকা.....) নিম্নস্বাক্ষরকারীকে প্রদান করিবেন। যদি উক্ত খেলাপকারীকে আপনার প্রদেয়, অথবা ভবিষ্যতে প্রদেয় হইতে পারে অথবা পরবর্তীকালে আপনার অধিকারে আসিতে পারে, খেলাপকারীর এইরূপ অর্থ উপর্যুক্ত বকেয়া রাজস্বের সমান অথবা কম হয় তাহা হইলে আপনি উক্ত সমুদয় অর্থ নিম্নস্বাক্ষরকারীকে প্রদান করিবেন।

নিম্নস্বাক্ষরকারী কর্তৃক রদ না করা পর্যন্ত এই নোটিশ বলবৎ থাকিবে।

এই নোটিশ প্রতিপালনার্থে কোনো অর্থ প্রদান উক্ত খেলাপকারী জনাব/মেসার্স এর কর্তৃত্বাধীনে করা হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং অর্থ প্রাপ্তির পর নিম্নস্বাক্ষরকারীর দেওয়া রসিদে যে পরিমাণ অর্থের উলে-খ থাকিবে তাহার নিকট আপনার দায় সেই পরিমাণে যথাযথভাবে শেষ হইয়া যাইবে।

যদি নিম্নস্বাক্ষরকারীর এই নোটিশ প্রাপ্তির পরেও আপনি উহা প্রতিপালন না করিয়া উক্ত খেলাপকারীকে আপনার কোন দায় পরিশোধ করেন তাহা হইলে আপনার পরিশোধকৃত দায়ের পরিমাণ অথবা উক্ত খেলাপকারীর সরকারি রাজস্ব ও জরিমানা বাবদ দায়ের পরিমাণ, এই দুইয়ের মধ্যে যেটি কম সেই পরিমাণে আপনি নিম্নস্বাক্ষরকারীর নিকট ব্যক্তিগতভাবে দায়বদ্ধ হইবেন।

এই নোটিশের একটি কপি খেলাপকারী জনাব/মেসার্সএর নিকট প্রেরণ করা হইয়াছে।

এই নোটিশের মূল কপির প্রাপ্তি স্বীকারপূর্বক প্রতিলিপিটি নিম্নস্বাক্ষরকারীর নিকট ফেরত পাঠাইবেন (নিম্নে দ্রষ্টব্য)।

[দপ্তরের সিলমোহর]

ক্ষমতাপ্রাপ্ত মূল্য সংযোজন কর কর্মকর্তা

(স্বাক্ষর ও সিল)

আমি এই নোটিশের মূলকপি বুঝিয়া পাইয়াছি।

প্রাপকের স্বাক্ষর

সিলমোহর (যদি থাকে)

ঠিকানা..... তাং.....

অনুলিপি জনাব/মেসার্স.....(করদাতা) এর নিকট প্রেরণ করা হইল।

তারিখ :

ক্ষমতাপ্রাপ্ত মূল্য সংযোজন কর কর্মকর্তা

(স্বাক্ষর ও সিল)